

প্রধানমন্ত্রী শ্রীনরেন্দ্র মোদী ইউক্রেনকে বিএইচআইএসএইচএম কিউবস উপহার দিয়েছেন

অগাস্ট 23, 2024

প্রধানমন্ত্রী শ্রীনরেন্দ্র মোদী আজ ইউক্রেন সরকারকে চারটি বিএইচআইএসএইচএম (BHISHM: Bharat Health Initiative for Sahyog Hita & Maitri) কিউব উপহার দিয়েছেন। ইউক্রেনের রাষ্ট্রপতি মাননীয় ভ্লাদিমির জেলেনস্কি মানবিক সহায়তার জন্য প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। এই কিউবগুলো আহতদের দ্রুত চিকিৎসায় সহায়তা করবে এবং মূল্যবান প্রাণ বাঁচাতে অবদান রাখবে।

২. প্রতিটি বিএইচআইএসএইচএম কিউবের মধ্যে সকল ধরনের আঘাত এবং চিকিৎসা পরিস্থিতির প্রাথমিক যত্নের জন্য ওষুধ এবং সরঞ্জাম রয়েছে। এতে একটি সাধারণ অপারেশন রুমের জন্য সার্জিক্যাল সরঞ্জামও অন্তর্ভুক্ত রয়েছে, যা প্রতিদিন ১০-১৫টি সাধারণ সার্জারি পরিচালনা করতে পারে। এই কিউব প্রায় ২০০টি বিভিন্ন ধরনের জরুরি পরিস্থিতি যেমন ট্রমা, রক্তপাত, পোড়া, ফ্র্যাকচার ইত্যাদি পরিচালনা করতে সক্ষম। এটি স্বল্প পরিমাণে বিদ্যুৎ এবং অক্সিজেন উৎপাদন করতেও সক্ষম। কিউবটি পরিচালনার জন্য ইউক্রেনের পক্ষকে প্রাথমিক প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে ভারতের একটি বিশেষজ্ঞ দল মোতায়েন করা হয়েছে।

৩. এই পদক্ষেপটি ইউক্রেনকে মানবিক সহায়তা প্রদানে ভারতের অব্যাহত প্রতিশ্রুতির প্রতিফলন বলে চিহ্নিত করা যায়।

কিয়েভ

অগাস্ট 23, 2024